অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

জানুয়ারি মাসে বাড়তি খাদ্য সহায়তার জন্য গভর্নর হোকলের 234 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

সব SNAP পরিবার জানুয়ারি মাসে কমপক্ষে সর্বোচ্চ মাত্রার খাদ্য সহায়তা পাবে

ফেব্রুয়ারি মাসে পেমেন্টের পরে মাসিক সম্পূরক খাদ্য সহায়তা শেষ হয়ে যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program) তালিকাভুক্ত সব নিউ ইয়র্কবাসী জানুয়ারি মাসে অনুমোদিত সর্বোচ্চ পরিমাণ খাদ্য সহায়তা লাভ করবে। SNAP-এ অংশগ্রহণকারী সকল গৃহস্থালি, যার মধ্যে ইতিমধ্যে সর্বোচ্চ পর্যায়ের ভাতা পাচ্ছে যারা তারাও অন্তর্ভুক্ত, এই মাসে একটি সম্পূরক বরাদ্দ পাবে, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে আনুমানিক 234 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল যুক্ত হবে।

"এসব সাময়িক বাড়তি খাদ্য সহায়তা এমন এক সময়ে হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে খাদ্য অনিরাপত্তা এড়াতে সাহায্য করছে যখন বহু মানুষ পরিবারের বাজেটের টানাটানি অবস্থা সামাল দিতে সংগ্রাম করে চলেছেন," **বলেছেন গভর্নর হোকল।** "এই সহায়তা পরিবার ও ব্যক্তিদেরকে স্বাস্থ্যকর, পুষ্টিকর খাবারের ব্যবস্থা করতে সাহায্য করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদেরকে অতি প্রয়োজনীয় ত্রাণ সরবরাহ করে, নিউ ইয়র্ককে মহামারী থেকে সেরে উঠতে সাহায্য করেছে।"

SNAP সুবিধা পেয়ে থাকেন এমন সব পরিবারকে এই জরুরি সম্পূরক সহায়তা প্রদান করা হবে, এটি নিউ ইয়র্ক স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক তত্ত্বাবধানকৃত ফেডারেল অর্থায়নে পরিচালিত একটি কর্মসূচি। যেসব পরিবার ইতোমধ্যে পরিবারের সদস্য সংখ্যা অনুযায়ী সর্বোচ্চ বেনিফিট পাচ্ছে এবং যেসব পরিবার আগে 95 ডলারের চেয়ে কম পরিমাণ মাসিক সম্পূরক ভাতা পেত, সেসব পরিবার সহ সব পরিবার কমপক্ষে 95 ডলারের সম্পূরক সহায়তা লাভ করবে।

OTDA 2020 সালের এপ্রিল মাস থেকে সর্বোচ্চ মাসিক বেনিফিটের চেয়ে কম পরিমাণ বেনিফিট পাওয়া SNAP পরিবারগুলোর জন্য জরুরি সম্পূরক বেনিফিট প্রদান করা শুরু করেছিল। 2021 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের জরুরি অবস্থা ঘোষণার মেয়াদ শেষ

হওয়ার পর, সংস্থাটি ফেব্রুয়ারি মাস পর্যন্ত সব SNAP পরিবারের জন্য সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করতে ফেডারেল সরকারের সাথে কাজ করা অব্যাহত রেখেছে।

OTDA 2020 সালের এপ্রিল মাস থেকে সর্বোচ্চ মাসিক বেনিফিটের চেয়ে কম পরিমাণ বেনিফিট পাওয়া SNAP পরিবারগুলোর জন্য জরুরি সম্পূরক বেনিফিট প্রদান করা শুরু করেছিল। 2021 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের জরুরি অবস্থা ঘোষণার মেয়াদ শেষ হওয়ার পর, জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থার বিষয়ে ফেডারেল ঘোষণার মেয়াদ শেষ হওয়ার আগ পর্যন্ত সংস্থাটি সকল SNAP পরিবারের জন্য সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করতে ফেডারেল সরকারের সাথে সফলভাবে কাজ করেছে, যে মেয়াদ জানুয়ারি পর্যন্ত বর্ধিত করা হয়েছিল এবং এসব বেনিফিট ফেব্রুয়ারি পর্যন্ত ইস্যু করা অব্যাহত রাখতে OTDA-কে সক্ষম করবে বলে আশা করা হচ্ছে।

সম্প্রতি অনুমোদিত হওয়া ফেডারেল ব্যয় সংক্রান্ত বিল, ফেব্রুয়ারি মাসের সম্পূরক পেমেন্ট ইস্যু করার পরে এসব সাময়িক জরুরি বরাদ্দের ইতি টানছে। মার্চ থেকে শুরু করে, SNAP গ্রহীতারা সামনের সময়গুলোতে শুধু তাদের নিয়মিত মাসিক বেনিফিট পাবেন। আরো তথ্যের জন্য, otda.ny.gov/EA-SNAP ওয়েবসাইট দেখুন।

নিউ ইয়র্কবাসীরা SNAP-এর উপর ব্যাপকভাবে নির্ভর করা অব্যাহত রয়েছে, যেখানে নভেম্বর মাসে স্টেটজুড়ে 2.8 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী সহ 1.6 মিলিয়নেরও বেশি পরিবার এই কর্মসূচিতে তালিকাভুক্ত হয়েছে। যদিও অক্টোবর মাসের তুলনায় স্টেটজুড়ে SNAP গ্রহীতাদের সংখ্যা তুলনামূলকভাবে একইরকম ছিল, 2021 সালের নভেম্বর মাসে এই সংখ্যা 2.1 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা এসব অতি গুরুত্বপূর্ণ বেনিফিটের অব্যাহত চাহিদা নির্দেশ করে।

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "SNAP খাদ্য অনিরাপত্তা মোকাবেলা করার জন্য একটি কার্যকর হাতিয়ার এবং এসব মাসিক সম্পূরক সহায়তা মহামারী চলাকালীন সময়ে এবং এর পরবর্তী সময়ে অভাবী নিউ ইয়র্কবাসীদের উপর ব্যাপক প্রভাব ফেলেছে। এসব বাড়তি SNAP বেনিফিট ব্যক্তি ও পরিবারগুলো যাতে ক্রমবর্ধমান খাবারের ব্যয়ের সঙ্গে আরো ভালোভাবে মানিয়ে নিতে পারে এবং নিজেদের প্রয়োজনীয় খাদ্য অ্যাক্সেস করতে পারে সে বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে অমূল্য ভূমিকা পালন করেছে।"

রিপ্রেজেন্টেটিভ অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন, "SNAP-এ অংশগ্রহণকারী পরিবারগুলোর জন্য বাড়তি খাদ্য সহায়তা প্রদানের ব্যাপারে গভর্নর হোকলের আজকের ঘোষণা কর্মজীবী পরিবারগুলোর জন্য একটি জয় এবং আমাদের কমিউনিটিগুলোতে এবং স্টেটজুড়ে সবচেয়ে বেশি অভাবী লোকজনকে সহায়তা করার জন্য আমাদের প্রচেষ্টাকে জোরদার করবে। এই অতি-প্রয়োজনীয় ত্রাণ প্রদান করা 2.8 মিলিয়ন নিউ ইয়র্কবাসী যাতে নিত্যদিনের খাবারের ব্যবস্থা করতে পারে এবং তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সহায়তা পেতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে।"

রিপ্রেজেন্টেটিভ জো মোরেল বলেন, "পরিবারগুলো যাতে তাদের সন্তানদের চাহিদাগুলো পূরণ করতে পারে এবং নিত্যদিনের খাবারের ব্যবস্থা করতে পারে সে বিষয়টি নিশ্চিত করা আমাদের দায়িত্ব। আমি নিউ ইয়র্ক বাসীদের জন্য জরুরি সম্পূরক SNAP ভাতার সময় বৃদ্ধি করার মাধ্যমে দারিদ্র্যের চক্র ভেঙ্গে ফেলতে গভর্নর হোকলের প্রয়াসের প্রশংসা করছি। আমি আমাদের একত্রে কাজ অব্যাহত রাখতে উন্মুখ যাতে স্বাস্থ্যকর বিভিন্ন খাবার পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে পারি এবং আমাদের সম্প্রদায়ের ভবিষ্যৎ মজবুত করতে পারি।"

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বর্তমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা বর্তমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যেতে পারে। নিয়মিত SNAP ভাতার মতো, সম্পূরক ভাতাও অনুমোদিত খুচরা খাদ্য দোকান থেকে খাদ্য ক্রয়ের জন্য ব্যবহার করা যাবে। সকল অব্যবহৃত SNAP ভাতা স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী মাসে যোগ হবে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূরক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য, এখানে পাবেন। তালিকাভুক্ত হতে আগ্রহী নিউ ইয়র্কবাসীরা mybenefits.ny.gov ওয়েবসাইটে ভিজিট করে SNAP-এর জন্য তাদের উপযুক্ততা চেক করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418